৪।১১।২০০০

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

ভোরের কাগজ

### কাগজ উৎপাদনের দায়িত্ব এক প্রতিষ্ঠানের

# কাগজের অভাবে মাধ্যমিক স্তরের বই সময়মতো প্রকাশ নিয়ে সংশয়

কাগজ প্রতিবেদক : শুধু সাদা কাগজে মাধ্যমিক স্তরের প্রায় ২ কোটি বই ছাপানোর সিদ্ধান্ত নিয়ে সরকার কাগজ উৎপাদনের দায়িত্ব কেবলমাত্র একটি কাগজ উৎপাদনকারী প্রতিষ্ঠানকে দেওয়ায় সময়মতো কাগজ সরবরাহ নিয়ে শঙ্কা দেখা দিয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড সূত্রে জানা যায়, এবার কর্ণফুলী পেপার মিলকে কাগজ উৎপাদনের দায়িত্ব দেওয়া হয়েছে। '৯৬-এর পর প্রথমবারের মতো এবার এককভাবে একটি মাত্র প্রতিষ্ঠানকে সমুদয় কাগজ উৎপাদনের দায়িত্ব দেওয়া হয়েছে। সরকারিভাবে সাদা কাগজ উৎপাদনের জন্য কর্ণফুলী ছাড়াও রয়েছে পাকশী পেপার মিল। এ ছাড়া বেসরকারি পর্যায়ে রয়েছে বসুন্ধরা, সোনালি, কনিকা পেপার মিল।

এদিকে কর্ণফুলী পেপার মিল সূত্রে জানা যায়, নভেম্বরের ১০ তারিখের আগে মিল কর্তৃপক্ষ কাগজ উৎপাদনে যেতে পারবে না। প্রয়োজনীয় কাগজ উৎপাদনের জন্য সময় লাগবে প্রায় ১ মাস। অর্থাৎ ডিসেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত।

মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তক প্রকাশনার জন্য নির্বাচিত প্রতিষ্ঠানের দুজন কর্ণধার জানান, কাগজ উৎপাদনের পর তারা বই মুদ্রণে হাত দেবে। প্রকাশকদ্বয় জানান, কাগজ উৎপাদনে যেহেতু ডিসেম্বরের প্রথম সপ্তাহ পর্যন্ত সময় লাগবে সেহেতু এর পূর্বে কোনোভাবেই পূর্ণোদ্যমে মুদ্রণের কাজে হাত দেওয়া সম্ভব নয়।

অপর পক্ষে পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃপক্ষ জানিয়েছে, এবার বইয়ের কাগজের মান বৃদ্ধি করার জন্যই কর্ণফুলীর সাদা কাগজে বই ছাপানোর সিদ্ধান্তে নেওয়া হয়েছে। কর্ণফুলীর সাদা কাগজ মানের দিক থেকে উন্নতমানের হওয়ায় কর্তৃপক্ষ অন্য কোনো কাগজ উৎপাদনকারী প্রতিষ্ঠানকে কাগজের দায়িত্ব দেয়নি বলে সূত্র জানায়।

বোর্ড কর্তৃপক্ষ এবার কাগজ উৎপাদনকারী প্রতিষ্ঠান নির্ধারণ করার পাশাপাশি প্রতিফর্মার ন্যূনতম দরও নির্ধারণ করে দিয়েছে। প্রতিফর্মার জন্য ন্যূনতম দর নির্ধারণ করা হয়েছে ১ টাকা ৪০ পয়সা যা গত বছরের চেয়ে ১০ থেকে ১৫ শতাংশ কম বলে বোর্ড কর্তৃপক্ষ জানান। ২০০২ শিক্ষাবর্ষের জন্য মাধ্যমিক স্তরের ষষ্ঠ থেকে নবম শ্রেণীর ৬০টি পুস্তকের ১ কোটি ৯৯ লাখ ৫৭ হাজার ৮৬৫ কপি ছাপানো হবে। এই সংখ্যক বই ছাপানোর দায়িত্ব দেওয়া হয়েছে ৩৩৬টি প্রকাশনা প্রতিষ্ঠানকে। গত বছর এই দায়িত্ব পেয়েছিল কেবলমাত্র একটি প্রতিষ্ঠান পুস্তকা। পুস্তকা বাজার চলতি নিউজপ্রিন্টে গতবারের মাধ্যমিকের সকল বই ছাপায় বলে এবার বোর্ড কর্তৃপক্ষ কর্ণফুলীর সাদা কাগজ নির্ধারণ করেছে মুদ্রণের জন্য। এর ফলে পাঠ্যপুস্তকের মান গতবারের তুলনায় যথেষ্ট বাড়বে বলে পাঠ্যপুস্তক বোর্ডের উৎপাদন নিয়ন্ত্রক নূরুল হক খান জানান।